

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর অপারেশন ও সমন্বয় শাখা





বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ফেব্রুয়ারি/২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি

মোহাম্মদ ইলিয়াস হোসেন

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সভার তারিখ

২৪ ফেব্রুয়ারি, ২০২২

সভার সময

সকাল ১০:০০ ঘটিকা

স্তান

জম প্লাটফর্ম

উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ফেবুয়ারি/২২ মাসের অনলাইন সমন্বয় সভায় স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত বা মতামত আছে কিনা জানতে চাইলে জিওইউপ্যাক (GeoUPAC) প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভৃতত্ত্ব) বলেন যে, কার্যবিবরণীর বিবিধ আলোচনার ২ নম্বর পয়েন্টে জার্মান কর্তৃক ফান্ড সরবরাহের যে সম্ভাবনা রয়েছে তার পরিমাণের ক্ষেত্রে ৩৫ (পঁয়ত্রিশ) মিলিয়ন ইউরো এর পরিবর্তে ৩.৫ (তিন দশমিক পাঁচ) মিলিয়ন ইউরো হবে। অন্য কোন সদস্যের দ্বিমত না থাকায় উল্লিখিত সংশোধনীসহ সর্বসম্মতিতে গত ২৫-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত জানুয়ারি/২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

৩। গত ২৫-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা		
ভূবিজ্ঞান সংক্রান্ত					

اد.د	২০২১-২০২২ অর্থবছরের বহিরংগন সম্পর্কিত আলোচনায় ভূ-রসায়ন ও	পরিকল্পনা মোতাবেক	পরিকল্পনা ও
	পানি সম্পদ শাখার শাখাপ্রধান বলেন যে, গত ১৭ ফেব্রুযারি/২২ তারিখে	২০২১-২০২২	বাস্তবায়ন শাখাসহ
	অত্র শাখা হতে একটি দল ধামরাই, ঢাকায় গমন করেছে। বর্তমানে তারা	অর্থবছরের বার্ষিক	সকল শাখা
	সেখানে এসপিটি এবং অগারিং এর কাজ করছে। ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও	বহিরজ্ঞান কর্মসূচি	
	কোয়ার্টানারি ভূতত্ত্ব শাখার শাখাপ্রধান জনাব নাসিমা বেগম, পরিচালক	সম্পাদন করতে হবে।	
	(ভূতত্ত্ব) বলেন যে, তার শাখা হতে গত ৭ ফেব্রয়ারি/২২ তারিখে একটি দল		
	বহিরংগন কাজের জন্য রাজামাটি জেলায় গমন করেছে। এ এলাকায় কাজ		
	করার জন্য স্থানীয় আর্মি সদস্যদের সহায়তার প্রয়োজন হয় বলে কাজ শুরু		
	করতে একটু সময় লেগেছে। এখন তারা রোডকাট সেকশনে কাজ করছে		
	এবং কাজ ভালোভাবে চলছে। এ মর্মে সভাপতি বলেন জেলা প্রশাসক		
	(ডিসি)-এর কোন সহযোগিতার প্রয়োজন হলে তাকে জানাতে এবং তিনি		
	ডিসিকে সার্বিক সহযোগিতার ব্যাপারে অবহিত করবেন। এছাড়াও তিনি		
	রাজামাটিতে অবস্থানকারী দলটিকে সময় করে উক্ত জেলার ডিসি এর সাথে		
	সাক্ষাৎ করার পরামর্শ প্রদান করেন। খনন কার্যক্রমের বিষয়ে অপারেশন ও		
	সমন্বয় শাখার শাখাপ্রধান জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক		
	(ভূতত্ত্ব) বলেন অধিদপ্তরের ০৫ (পাঁচ) জন কর্মকর্তা খনন স্থান নির্ধার্ণের		
	জন্য দিনাজপুরে অবস্থান করছেন। আশা করা যায় আগামী ১৫-২০ দিনের		
	মধ্যে খনন কার্যক্রম শুরু করা যাবে। সভাপতি এ সংক্রান্ত সার্বিক বিষয়ে		
	তাকে অবহিত করার নির্দেশ দেন এবং তিনি খনন কার্যক্রমসহ চলমান		
	অন্য দুটি বহিরংগন কাজ পরিদর্শনে যাবার ব্যাপারে আশাবাদ ব্যক্ত		
	করেন।		
७.२।	আরও ২০২১-২০২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় জনাব আরিফ	এপিএ লক্ষমাত্রা	এপিএ টিম
	মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন যে, এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রত্যাশা	অর্জনে এপিএ টিমসহ	
	মাফিক হচ্ছে। এপিএ সংশ্লিষ্ট সকল কাজ চলমান রয়েছে। তিনি সভাকে	সংশ্লিষ্ট সকল	
	জানান চলতি মাসে এখন পর্যন্ত ৩টি সেমিনার এবং ৩টি প্রশিক্ষণ (প্রতিটি	কমিটিকে	
	২দিন ব্যাপী) সম্পন্ন হয়েছে। এ নিয়ে চলতি অর্থবছরে এপিএ'তে অন্তর্ভূক্ত	সমন্বিতভাবে কাজ	
	২০ টি সেমিনারের মধ্যে ৮ (আট) টি সেমিনার সম্পন্ন করা হয়েছে। সভাপতি সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/২১ পর্যন্ত চলতি অর্থবছরের	করতে হবে।	
	এপিএ ৫৫ শতাংস সম্পন্ন হয়েছে এবং আগামী জুনের মধ্যে বাকী ৪৫		
	শতাংস সম্পন্ন করতে হবে। এলক্ষে সভাপতি এপিএ টিমকে দুত অগ্রগতি		
	অর্জন বিষয়ে জোরালো পদক্ষেপ নিতে বলেন।		
৩.৩।	এডিটোরিয়াল বোর্ড পুনর্গঠনের ব্যাপারে জনাব আরিফ মাহমুদ, পরিচালক	দতে এডি টোবিয়াল	পরিবল্পনা ও
0.01	(ভূতত্ত্ব) বলেন যে, এ বোর্ডের সভাপতি এলপিআর এ গমন করেছেন বিধায়	• .	বাস্তবায়ন শাখা
	ক্মিটি পুনর্গঠন জরুরি। সভাপতি এডিটোরিয়াল বোর্ড উপহ্মাপরিচালক,	হবে।	এবং প্রকাশনা ও
	জনাব আবুল বাকি খান মজলিশ এর নেতৃত্বে গঠনের জন্য নির্দেশনা		প্রশিক্ষণ শাখা।
	প্রদান করেন। আলোচনাকালে বার বার ইন্টারনেটের বাফারিং এর কারণে		
	সভার কার্যক্রম বিঘ্লিত হওয়ায় এ মর্মে মহাপরিচালক বলেন যে,		
	ইন্টারনেটের গতি বাড়াতে এবং সরবরাহ উন্নতি করতে জিপোন ইন্টারনেট		
	সংযোগ যুক্ত করা যেতে পারে। বিশেষ করে মহাপারচালক,		
	উপমহাপারচালক এবং পরিচালক ও শাখাপ্রধানদের জন্য এ ধরনের		
	সংযোগের ব্যবস্থা করা যেতে পারে। এ প্রসঞ্চো পরিচালক (ভূতত্ত্ব),		
	অপারেশন ও সমন্বয় বলেন ৫০ এমবিপিএস গতির ইন্টারনেট লাইন এর		
	জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে আশা করা যায় অতি দুতই এ সমস্যা সমাধান		
	করা যাবে।		
	প্রশাসনিক আলোচনা		

৩.৪।	ঢাকার মিরপুর এছাড়া খুলনা, চট্টগ্রাম, বগুড়া এবং জয়পুরহাট জেলায়	ক) জিএসবির ঢাকার	অপাবেশন ও
0.01	জিএসবি'র বিভিন্ন জায়গার পরিমাণ এবং উক্ত জায়গাসমূহে	মিরপুর ও চট্টগ্রাম এর	
	নির্মিত/নির্মিতব্য ক্যাম্প অফিস/রেস্ট হাউজের উল্লেখ করে পরিচালক	জমির রেজিস্ট্রেশনের	
	(অপারেশন ও সমন্বয়) জানান যে, খুলনার জমির রেজিস্ট্রেশন সম্পন্ন করা		জিওলজিক্যাল
	্রেগারেশন ও পর্বর্য জানান যে, বুগার জানর রোজপ্রেশন পা গর ফরা হয়েছে। ঢাকার মিরপুর জমির রেজিস্ট্রেশনের লক্ষ্যে অর্থের প্রমাণ পত্র	ব্যবস্থা গ্রহণ করতে	হেরিটেজ সংশ্লিষ্ট
	সংগ্রহের জন্য হাউজিং থেকে প্রেরিত চিঠি এজি অফিসসহ সংশ্লিষ্ট	·	হোরটেজ সংগ্লেষ্ট কমিটি
		হবে।	ત્રા માઇ
	অফিসগুলোতে পাঠানো হয়েছে। কিন্তু এখন অবদি কোনো উত্তর পাওয়া যায়নি। এ বিষয়ে সভাপতি সশরীরে গিয়ে যোগাযোগ করার পরামর্শ প্রদান		
		wh less are solar	
	করেন। চট্টগ্রামের জমির রেজিস্ট্রেশনের ব্যাপারে মহাপরিচালক সংশ্লিষ্ট	খ) জিওলজিক্যাল	
	অফিসগূলোর সাথে যোগাযোগ করতে বলেন এবং প্রয়োজনে তিনি চট্টগ্রামে	থোরটেজ হিসাবে ঘোষিত সিলেট	
	গিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।		
	সিলেট জেলার গোয়াইন ঘাট উপজেলায় জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে	জেলার গোয়াইন	
	ঘোষিত জমি সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপারেশন ও সমন্বয়)	ঘাটের জমির	
	জানান জমি অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট বরাবর এল এ	অধিগ্রহণের বিষয়ে	
	ফান্ডে ২৫ কোটি টাকা প্রদান করা হলেও এখনো জমি অধিগ্রহণ করা	খোঁজ নেয়া এবং	
	হয়নি। এ জমি অধিগ্রহণের ব্যাপারে উপমহাপরিচাক ভাল জানেন মর্মে	মহাপরিচালকের সাথে	
	সভাকে জানানো হলে সভাপতি এ বিষয়ে তার সাথে উপমহাপরিচাককে	এ বিষয়ে আলোচনা	
	আলোচনা করার কথা বলেন।	করা।	
৩.৫।	কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিচালক (অপারেশন ও	ক) চলমান নিয়োগ	অপারেশন ও
	সমন্বয়) বলেন যে, কর্মচারিদের ৩২ টি পদের নিয়োগপত্র জারি করা	প্রক্রিয়া অতি দুত	সমন্বয়
	হয়েছে ইতোমধ্যে ১৭ জন যোগদান করেছ। যোগদানের তারিখ এখনও	সম্পন্ন করা।	
	শেষ না হওয়ায় বলা যাচ্ছে না কত জন যোগদান করবে। এছাড়াও		
	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে ১ জন ডাইভার ও ১ জন অফিস	খ) কর্মচারীদের নতুন	
	সহায়কের ভেরিফিকেশন সার্টিফিকেট না পাওয়ায় তাদের নিয়োগপত্র	নিয়োগ প্রক্রিয়া শুরু	
	ইস্যু করা যায়নি।	করা।	
	তিনি সভাকে আরও জানান যে, কর্মকর্তাদের নিয়োগের বিষয়ে বিপিএসসি		
	প্রশ্নপত্র প্রণয়নের কাজ সম্পন্ন করেছে। মহাপরিচালক মহোদয় পিএসসি'র		
	সচিব মহোদয়ের সাথে ইতোমধ্যে যোগাযোগ করেছেন। আশা করা যায়		
	আরও যোগাযোগের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়াটি দুত সম্পন্ন করা যাবে।।		
	পরিচালক (অপারেশন ও সমন্বয়) আরও উল্লেখ করেন ৩য় ও ৪র্থ শ্রেণির		
	কর্মচারিদের নতুন করে নিয়োগ প্রদানের জন্য ৬০টি পদের ছাড়পত্র		
	মন্ত্রণালয় থেকে পাওয়া গেছে। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে জেলা		
	কোটা নির্ধারণ সম্পন্ন করে নিয়োগের নিমিত্ত সার্কুলার প্রদান করা যাবে।		
	 বিবিধ আলোচনা		
৩.৬।	পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন যে, জার্মানের সাথে চলমান	জরুরি ভিত্তিতে	টিএপিপি প্রণয়ন
0.01	জিওইউপ্যাক (GeoUPAC) প্রকল্প আগামী জুন/২২ এ শেষ হয়ে	টিএপিপি প্রণয়নের	কমিটি।
	যাবে। জার্মান থেকে আরও একটি প্রকল্পে অর্থায়নের যে সম্ভাবনা আছে সে	কাজ করতে হবে।	714101
	বিষয়ে টিএপিপি প্রণয়নের জন্য গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে	419 440 501	
	সভায় জানতে চাওয়া হয়। এ প্রসঞ্চো টিএপিপি প্রণয়ন কমিটির সভাপতি		
	জনাব আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন টিএপিপি প্রণয়নের কাজ		
	চলমান রয়েছে। ইতোমধ্যে কমিটির পক্ষ থেকে টিএপিপি প্রণয়নের নিমিত্ত		
	সংশ্লিষ্ট বিষয়ের জার্মান প্রতিনিধি এবং জিএসবি'র কন্টাক পয়েন্ট কে চিঠি		
	সংশ্লেষ্ট বিষয়ের জামান প্রাতানীব এবং জিএসাব র ফণ্টাফ সয়েণ্ট ফে চোঠ প্রেরণ করা হয়েছে।		
. Q I	বিষয় করা হয়েছে। ৭ মার্চ উদ্যাপন বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন	৭ মার্চ ও ২৬ মার্চ	অপারেশন ও
৩.৭।	বি মাচ ওপ্রাপন বিধরে পারচালক (অপারেশন ও সমন্বর) বলেন যে, দিবসটি উদ্যাপন ব্যাপারে মন্ত্রণালয় থেকে চিঠি প্রেরণ করা হয়েছে।	র মাচ ও ২৬ মাচ উদযাপনের	
			সমন্বয়।
	সেখানে উল্লেখ করা হয়েছে যে, ৭ মার্চ ধানমন্ডির ৩২ নং সড়কের বঙ্গাবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
•		L/10で SMS((で) ひ(く))	
	3 31	Q (1 1.160 (61)	
	শুদা জাপুন এবং ভবনে আলোক সজ্জা করতে হবে। সভাপতি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে বলেন।	L4 (1 .100 \ (11)	

७.৮।	জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র জনবল	নিয়োগবিধি	নিয়োগবিধি
	নিয়োগের ক্ষেত্রে বর্তমান প্রেক্ষাপট ও প্রাসঞ্জিকতা বিবেচনা নেয়া প্রয়োজন	সংশোধনে প্রয়োজনীয়	সংশোধন কমিটি
	মর্মে মতামত দেন। তিনি বলেন যেসব পদের এখন প্রয়োজনীয়তা নেই সে	ব্যবস্থা গ্রহণ করতে	এবং অপারেশন ও
	পদগুলো বাদ দিয়ে নতুন প্রয়োজনীয় পদ সৃষ্টি করা উচিত। তিনি আরও	হবে।	সমৰয় শাখা
	বলেন নিয়োগ বিধি সংক্রান্ত যে কমিটি আছে তাদের উচিত সকলকে নিয়ে		
	নিয়োগবিধি সংশোধনের উপর ওয়ার্কশপের আয়োজন করা, যাতে সকলে		
	এ বিষয়ে মতামত প্রদান করতে পারে। নিয়োগবিধি সংশোধন কমিটির		
	সভাপতি জনাব আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, নিয়োগবিধি		
	সংশোধনের কাজ অনেকটা সম্পন্ন হয়েছে। সকলে চাইলে এ বিষয় নিয়ে		
	আরও অলোচনা করা যেতে পারে। নিয়োগবিধি নিয়ে সকলে বসে		
	আলোচনা করা হবে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন।		

৪। সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

> মোহাম্মদ ইলিয়াস হোসেন মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.১২

তারিখ: ২২ ফাল্পুন ১৪২৮

০৭ মার্চ ১০১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয্):

- ১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) (অতিরিক্ত দায়িত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) জিএসবি'র শাখা প্রধানগণ
- 8) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মোঃ কামরুল আহসান

পরিচালক (ভৃতত্ত্ব)